

সূত্র নং-২৭.১১.০০০০.২১৩.০২.০০৮.২১-১২০

তারিখঃ-০৫/১২/২০২১খ্রিঃ

জনাব মালিহা তাসনীম  
(পরিচিতি নং-১-০২৩৩১)  
সহকারী প্রকৌশলী  
বিবিয়ানা-৩, ৪০০ মেঃওঃ  
সিসিপিপি নির্মাণ প্রকল্প,  
বিউবো, ঢাকা।

বর্তমান ঠিকানাঃ  
জনাব মালিহা তাসনীম  
পিতা-মোঃ আনোয়ারুল ইসলাম  
বাড়ী নং-১৬, রোড নং-০৬, ব্লক-সি,  
ডাকঘরঃ বনানী-১২১৩,  
থানা-বনানী, জেলা-ঢাকা।

স্থায়ী ঠিকানাঃ-  
জনাব মালিহা তাসনীম  
পিতাঃ মোঃ আনোয়ারুল ইসলাম  
৫৯, হরিরামপুর, ডাকঘরঃ মিরপুর-১,  
থানাঃ দারুস-সালাম, জেলা-ঢাকা।

**বিষয়ঃ- চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) এর দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ।**

যেহেতু, জনাব মালিহা তাসনীম (পরিচিতি নং-১-০২৩৩১), সহকারী প্রকৌশলী, বিবিয়ানা-৩, ৪০০ মেঃওঃ সিসিপিপি নির্মাণ প্রকল্প, বিউবো, ঢাকা এর বিরুদ্ধে ২৭/০৮/২০১৯ইং তারিখ হতে কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকার অভিযোগে সূত্র নং-২৭.১১.০০০০.২১৩.০২.০০৮.২১-৫৭ তারিখঃ-২২/০৬/২০২১ইং মোতাবেক বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (কর্মচারী) চাকুরী বিধিমালা-১৯৮২ এর ১৩৮ (এ), (সি) ও ২ (৩১) নং বিধি মোতাবেক ‘কর্তব্য অবহেলা’ ও ‘অসদাচরণ’ এর অভিযোগে বিভাগীয় মামলা চালু করে কৈফিয়ত তলব করা হয়;

যেহেতু, তার বিরুদ্ধে সূত্র নং-২৭.১১.০০০০.২১৩.০২.০০৮.২১-৭৩ তারিখঃ-০৮/০৮/২০২১ইং মোতাবেক অভিযোগনামা জারী পূর্বক উক্ত অভিযোগ তদন্ত করার জন্য একই তারিখের সূত্র নং-২৭.১১.০০০০.২১৩.০২.০০৮.২১-৭৪ মোতাবেক একজন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তিনি তদন্তকারী কর্মকর্তার নিকট তার বিরুদ্ধে আনীত অভিযোগের জবাব প্রদান করেননি এবং ব্যক্তিগত শুনানীতে অংশ গ্রহণ করেননি;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা আলোচ্য বিভাগীয় মামলাটি তদন্ত করে তার বিরুদ্ধে আনীত কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিতির অভিযোগ প্রতিষ্ঠিত উল্লেখ পূর্বক ১১/১১/২০২১ইং তারিখে তদন্ত প্রতিবেদন বোর্ডে পেশ করেন; এবং

যেহেতু, কর্তৃপক্ষ আলোচ্য মামলার তদন্তকারী কর্মকর্তা কর্তৃক পেশকৃত তদন্ত প্রতিবেদন, অভিযোগ সংক্রান্ত কাগজপত্র ও আনুষ্ঠানিক বিষয়াদি বিচার বিবেচনাপূর্বক সূত্র নং-২৭.১১.০০০০.২১৩.০২.০০৮.২১-৭৩ তারিখঃ-০৮/০৮/২০২১ইং মোতাবেক জনাব মালিহা তাসনীম (পরিচিতি নং-১-০২৩৩১), সহকারী প্রকৌশলী, বিবিয়ানা-৩, ৪০০ মেঃওঃ সিসিপিপি নির্মাণ প্রকল্প, বিউবো, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগের জন্য তাকে দোষী সাব্যস্ত করতঃ প্রতিষ্ঠিত অভিযোগের গুরুত্ব বিবেচনাক্রমে কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিতির তারিখ অর্থাৎ ২৭/০৮/২০১৯ইং থেকে চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) এর শাস্তি আরোপ করার অন্তর্বর্তীকালীন সিদ্ধান্ত গ্রহণ করে উক্ত শাস্তি কেন আরোপ করা হবে না ইহার কারণ দর্শানোর নির্দেশ প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করে;

সেহেতু, এক্ষণে অভিযুক্ত জনাব মালিহা তাসনীম (পরিচিতি নং-১-০২৩৩১), সহকারী প্রকৌশলী, বিবিয়ানা-৩, ৪০০ মেঃওঃ সিসিপিপি নির্মাণ প্রকল্প, বিউবো, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রতিষ্ঠিত হওয়ায় তাকে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (কর্মচারী) চাকুরী বিধিমালা-১৯৮২ এর ১৩৯ (১) (এইচ) নং বিধি মোতাবেক চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) এর শাস্তি কেন আরোপ করা হবে না অত্র নোটিশ জারীর ১৪ (চৌদ্দ) দিনের মধ্যে তার কারণ দর্শানোর নির্দেশ প্রদান করা হল। নির্ধারিত সময়ের মধ্যে তার নিকট হতে কোন জবাব না পাওয়া গেলে তার বিরুদ্ধে একতরফাভাবে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

বিদ্যুৎ/জন- ৬৭৭ (২/৭) ১২/২০

মতায়িত  
মোহাম্মদ শামীম হাসান  
উপ-পরিচালক, জনসংযোগ পরিদপ্তর  
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড  
আইডি নম্বর-৮০০০৫

নির্দেশক্রমে  
০৫/১২/২০২১  
(আফরোজা সুলতানা)

উপ-পরিচালক-২

আইডি নং-০২-০১১৩

তদন্ত ও শৃংখলা পরিদপ্তর  
বিউবো, ঢাকা